হাড্ডাহাড্ডি লড়াইয়ে হার বাঁচল বার্সার

অ্যাথলেটিকো মাদ্রিদের বিপক্ষে রোমাঞ্চকর লড়াইয়ে দলে স্বস্তি ফেরালেন লুক ডি ইয়ং। একটি পয়েন্ট পেল শাভি এরনান্দেসের দল।

রোববার রাতে আরসিডিই স্টেডিয়ামে লা লিগার ম্যাচটি ২-২ গোলে ড্র হয়েছে। পেদ্রির গোলে বার্সেলোনা এগিয়ে যাওয়ার পর সমতা টানেন সের্হিও দার্দের। দ্বিতীয়ার্ধে রাউল দে তমাসের গোলে এস্পানিওল এগিয়ে যাওয়ার পর অন্তিম মুহূর্তে ডি ইয়ংয়ের ওই গোল।

স্পেনের শীর্ষ লিগে নগর প্রতিদ্বন্দ্বীদের বিপক্ষে অপরাজেয় যাত্রাও ধরে রাখল বার্সেলোনা। এ নিয়ে টানা ২৪ ম্যাচ অপরাজিত রইল তারা; এর মধ্যে ১৮টি জিতেছে বার্সেলোনা এবং ড্র করেছে ৬টি।

গত সপ্তাহে অ্যাথলেটিকোর বিপক্ষে ৪-২ গোলের জয়ে যে পরিকল্পিত পারফরম্যান্স উপহার দিয়েছিল বার্সেলোনা, সেই ধারাবাহিকতায় এদিন ম্যাচ শুরু হতেই এগিয়ে যায় তারা। দ্বিতীয় মিনিটে বাঁ পাশ দিয়ে ছয় গজ দূর থেকে বক্সে ক্রস বাড়ান জর্দি আলবা। বিনা বাধায় ভলিতে ঠিকানা খুঁজে নেন পেদ্রি।

দুর্দান্ত ওই শুরুর পর বল দখলে আধিপত্য থাকলেও সুযোগ তৈরি করতে পারছিল না বার্সেলোনা। ৩৭তম মিনিটে লক্ষ্যে দ্বিতীয় শট নিতে পারে বার্সেলোনা। আদামা ত্রাওরের বুলেট গতির শট ঝাঁপিয়ে ঠেকিয়ে দেন গোলরক্ষক দিয়েগো লোপেজ। এর তিন মিনিট পরই দারুণ গোলে সমতা টানেন দার্দের।

মাঝমাঠ থেকে সতীর্থের উঁচু করে বাড়ানো বল ধরে রাউল দে তমাস ডি-বক্সে শট নেওয়ার জায়গা না পেয়ে কাটব্যাক করেন। আর বক্সের বাইরে থেকে ডান পায়ের উঁচু শটে ঠিকানা খুঁজে নেন স্প্যানিশ মিডফিল্ডার দার্দের। ঝাঁপিয়ে বলের নাগাল পাননি মার্ক-আন্ড্রে টের স্টেগেন।

৫৬তম মিনিটে আবার এগিয়ে যেতে পারত বার্সেলোনা। ডি-বক্সে দুজনের বাধা এড়িয়ে কোনাকুনি শটে লক্ষ্যভেদ করেন জাভি। তবে পেদ্রির থেকে বল ফ্রেংকি ডি ইয়ংয়ের গায়ে লেগে জাভির কাছে গিয়েছিল। ডি ইয়ং ছিলেন অফসাইডে, তাই ভিএআরে বাতিল হয় গোলটি।

বার্সেলোনাকে হতভম্ব করে দিয়ে ৬৪তম মিনিটে এগিয়ে যায় এস্পানিওল। সতীর্থের উঁচু করে বাড়ানো বল অফসাইডের ফাঁদ ভেঙে বুক দিয়ে নামিয়ে ডি-বক্সে ঢুকে ওয়ান-অন-ওয়ানে কাছের পোস্ট দিয়ে জালে জড়ান স্প্যানিশ স্ট্রাইকার দে তমাস।

এগিয়ে গিয়ে আত্মবিশ্বাসী হয়ে ওঠে এস্পানিওল। গোল পেতে মরিয়া হয়ে ওঠে বার্সেলোনা। লড়াই জমে ওঠে তুমুল। তবে নিশ্চিত সুযোগ তৈরি করতে পারছিল না কেউ।

শেষ ১০ মিনিটে লড়াইয়ে যেন নতুন মাত্রা যোগ হয়। যোগ করা সময়ের দ্বিতীয় মিনিটে মেজাজ হারিয়ে দ্বিতীয় হলুদকার্ড দেখেন বার্সেলোনার পিকে ও এস্পানিওলের নিকোলাস মেলামেদ। চার মিনিট পর সরাসরি লালকার্ড দেখেন এস্পানিওলের মিডফিল্ডার ম্যানুয়েল মোরনালেস।

এস্পানিওল ৯ জনে নেমে আসার আগমুহূর্তে সমতায় ফেরার উল্লাসে ভাসে বার্সেলোনা। ডান দিক থেকে ত্রাওরের দারুণ ক্রসে লাফিয়ে হেডে গোলটি করেন ডাচ ফরোয়ার্ড ডি ইয়ং। ঝাঁপিয়ে বলে হাত ছোঁয়ালেও ঠেকাতে পারেননি গোলরক্ষক।

লিগে টানা দুই জয়ের পর পয়েন্ট হারাল বার্সেলোনা। ২৩ ম্যাচে ১০ জয় ও ৯ ড্রয়ে ৩৯ পয়েন্ট নিয়ে চার নম্বরে আছে তারা। শীর্ষে থাকা রিয়াল মাদ্রিদের চেয়ে ১৫ পয়েন্ট পিছিয়ে দলটি।

২৪ ম্যাচে ৫৪ পয়েন্ট নিয়ে শীর্ষে রিয়াল। ৫০ পয়েন্ট নিয়ে দুইয়ে সেভিয়া। তিন নম্বরে রিয়াল বেটিসের পয়েন্ট ৪৩।

তাদের সমান ২৪ ম্যাচে ২৮ পয়েন্ট নিয়ে ১৩ নম্বরে এস্পানিওল।

আইপিএল: আজ নিলামে যাদের নাম উঠবে

শনিবারের মতো বেঙ্গালুরুর আইটিসি হোটেল গার্ডেনিয়া আজও ক্রিকেটপ্রেমীদের আগ্রহের কেন্দ্রবিন্দুতে। কারণ দ্বিতীয় দিনের

মতো রোববার সেখানে চলবে আইপিএল মেগা নিলামের দ্বিতীয় পর্ব।

প্রথম দিন ৯৭ জন ক্রিকেটারের নাম নিলামের টেবিলে উঠে। সে হিসেবে আজ আরও বেশি খেলোয়ড়ের নাম নিলামে উঠবে।

মধ্যাহ্নভোজের আগপর্যন্ত তালিকার ৯৮ থেকে ১৬১ নম্বর খেলোয়াড়দের নিয়ে নিলাম হবে। আজকের নিলাম প্রক্রিয়ার নাম—‘অ্যাকসেলারেটেড অকশান’ বা ‘ত্বরান্বিত নিলাম’।

আজ নিলামে যেসব ভারতীয় খেলোয়াড়ের নাম উঠবে

অজিঙ্কা রাহানে, কৃষ্ণপ্পা গৌতম, চেতেশ্বর পূজারা, বিজয় শঙ্কর, করন শর্মা ভারত, সন্দ্বীপ ভারিয়ের, রিঙ্কু সিং, ধবল কুলকার্নি, পীযুষ চাওলা, জয়ন্ত যাদব, সৌরভ তিওয়ারি, নবদীপ সাইনি, ইশান্ত শর্মা, শাহবাজ নাদিম, সিদ্ধার্থ কল, সন্দ্বীপ শর্মা, শ্রীবৎস গোস্বামী, খলিল আহমেদ, কেদার যাদব, জয়দেব উনাদকাট, শিভাম দুবে, মায়াঙ্ক মারকাণ্ডে, চেতন সাকারিয়া, মুরালি বিজয়, অভিমন্যু ঈশ্বরণ, হনুমা বিহারি, পবন নেগি, রাজ বাওয়া, মনোজ তিওয়ারি, অর্জুন টেন্ডুলকার, শ্রীশান্ত।

আজ নিলামে যেসব বিদেশি খেলোয়াড়ের নাম উঠবে

বাংলাদেশ – তাসকিন আহমেদ, লিটন দাস, শরীফুল ইসলাম।

অস্ট্রেলিয়া – অ্যারন ফিঞ্চ, ক্রিস লিন, শন অ্যাবট, জেসন বেহরেনডর্ফ, উসমান খাজা, হেইডেন কের, নাথান কোল্টার-নাইল, রাইলি মেরেডিথ, নাথান এলিস , মোজেস হেনরিকেস , বেন ম্যাকডারমট , বেন কাটিং, জশ ফিলিপ, কেইন রিচার্ডসন, ড্যানিয়েল স্যামস, মারনাস লাবুশেন, অ্যান্ড্রু টাই, বিলি স্ট্যানলেক, অ্যাশটন আগার, ক্রিস গ্রিন, জেমস ফকনার।

শ্রীলংকা – চারিথ আসালাঙ্কা, মহীশ থিকসানা, ভানুকা রাজাপক্ষে, আকিলা দনাঞ্জয়া, কুশল পেরেরা, কুশল মেন্ডিস, নিরোশান ডিকভেলা, দুষ্মন্ত চামিরা, দাসুন শানাকা, থিসারা পেরেরা, লাহিরু কুমারা, ইসুরু উদানা, মহীশ পাথিরানা, দানুষ্কা গুনাতিলাকা, আভিষ্কা ফার্নান্দো

ইংল্যান্ড – জফরা আর্চার, অ্যালেক্স হেলস, টাইমাল মিলস,সাকিব মাহমুদ, জেমস ভিন্স, এওইন মরগান, ক্রিস জর্ডান, লিয়াম লিভিংস্টোন

ডেভিড মালান, ক্রেইগ ওভারটন

ওয়েস্ট ইন্ডিজ – রভম্যান পাওয়েল, ফাবিয়ান অ্যালেন, এভিন লুইস, আলজারি জোসেফ, আকিল হোসেন, ফিদেল এডওয়ার্ডস, কাইল মেয়ার্স, ড্যারেন ব্রাভো, কার্লোস ব্রাথওয়াইট, কিমো পল, শেলডন কটরেল, ওডিন স্মিথ, আন্দ্রে ফ্লেচার, শাই হোপ, রস্টন চেজ।

দক্ষিণ আফ্রিকা – রাসি ফন ডার ডুসেন, লুঙ্গি এনগিদি, মার্কো ইয়ানসেন, এইডেন মার্করাম, তাবরাইজ শামসি, ডোয়াইন প্রিটোরিয়াস, রাইলি রুশো, জানেমান মালান, হেনরিক ক্লাসেন,

নিউজিল্যান্ড – ডেভন কনওয়ে, ফিন আলেন, মিচেল স্যান্টনার, টিম সেইফার্ট, টিম সাউদি, অ্যাডাম মিলনে, জিমি নিশাম, গ্লেন ফিলিপস, মার্টিন গাপটিল, ড্যারিল মিচেল, ইশ সোধি, নিল ওয়াগনার, কলিন মানরো।

আফগানিস্তান – হজরতউল্লাহ জাজাই, গুলবদিন নাইব, নজিবউল্লাহ জাদরান

আয়ারল্যান্ড – পল স্টার্লিং, জশ লিটল,

জিম্বাবুয়ে – ব্লেসিং মুজারাবানি

আইপিএলের দামী খেলোয়াড় ইষান কিষানকে কিনল মুম্বাই

আইপিএলের মেগা নিলাম চলছে। আর শনিবার ২০২২ সালের নিলামে সর্বোচ্চ দাম পেয়েছেন ভারতীয় উইকেটরক্ষক ব্যাটসম্যান ইষান কিষান।

তাকে কিনেছে মুম্বাই ইন্ডিয়ানস। তাকে দলে নিতে মুম্বাই খরচ করেছে ১৫ কোটি ২৫ লাখ রুপি।

ইষান কিষান মুম্বাইয়ের হয়েই গত আসরে খেলেছেন। মেগা নিলামের আগে

তাকে ছেড়ে দিয়েছিল ফ্র্যাঞ্চাইজি।

কিন্তু তাকে ফের নিজেদের দলে নিতে মরিয়া ছিল মুকেশ আম্বানির মালিকানাধীন দলটি।

ফলে মুম্বাই ইষান কিষানের জন্য দর হাঁকাতেই থাকে। তাদের সঙ্গে নিলাম যুদ্ধে যোগ দেয় পাঞ্জাব কিংস ও গুজরাট টাইটানস।

তবে মুম্বাই শেষ পর্যন্ত তাদের নিজের খেলোয়াড়কে রেখে দিতে সমর্থ হল।

এদিকে ১৫ কোটি ২৫ লাখ রুপি পাওয়ার মাধ্যমে আইপিএলের ইতিহাসে সবচেয়ে বেশি মূল্য পাওয়া ভারতীয় উইকেটরক্ষক হিসেবেও রের্ক্ড গড়েছেন ইষান।

এর আগে দিল্লি ক্যাপিটালসের সাবেক অধিনায়ক শ্রেয়ার আয়ারকে আজ ১২ কোটি ২৫ লাখ রুপিতে দলে ভেড়ায় কলকাতা নাইট রাইডার্স। এর মাধ্যমে ২০২২ সালের সবচেয়ে দামী খেলোয়াড় হন আয়ার। কিন্তু তাকে আজই সরিয়ে দিলেন ইষান কিষান।

কত দামে কোন দলে গেলেন ধাওয়ান-অশ্বিন-শামি-রাবাদা- কামিন্স

ভারতের বেঙ্গালুরুর হোটেল আইটিসি গার্ডেনিয়ায় চলছে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) ১৫তম আসরের মেগা অকশন।

ভারতীয় ক্রিকেট বোর্ড সভাপতি সৌরভ গাঙ্গুলী এবং সচিব জয় শাহের উপস্থিতিতে এ নিলামে অংশ নিয়েছে ১০ ফ্রাঞ্চাইজি। নতুন ফ্রাঞ্চাইজি হিসেবে এবার যুক্ত হয়েছে গুজরাট টাইটানস ও লক্ষনউ সুপার জায়ান্টস।

ইতোমধ্যে সর্বোচ্চ ভিত্তিমূল্য ২ কোটি রুপির তারকাদের দলে

ভেড়ানো শুরু করেছে ফ্রাঞ্চাইজিরা।

এখন পর্যন্ত পাওয়া খবরে ভারতীয় ব্যাটার শ্রেয়াস আইয়ার ও অসি অলরাউন্ডার প্যাট কামিন্সকে কিনেছে কলকাতা নাইট রাইডার্স।

শ্রেয়াসকে ১২ কোটি ২৫ লাখ রুপিতে এবং প্যাট কামিন্সকে ৭ কোটি ২৫ লাখে কিনল শাহরুখের দল।

নিউজিল্যান্ডের দ্রুতগতির পেসার ট্রেন্ট বোল্টকে ৮ কোটি রুপিতে এবং ভারত দলের সেরা স্পিন-অলরাউন্ডার রবিচন্দ্রন অশ্বিনকে ৫ কোটি রুপিতে কিনেছে রাজস্থান রয়ালস।

প্রোটিয়া পেসার কাগিসো রাবাদাকে ৯ কোটি ২৫ লাখে কিনেছে প্রীতি জিনতার পাঞ্জাব কিংস। ভারত দলের মারকুটে ব্যাটার শিখর ধাওয়ানকেও কিনেছে দলটি।

শিখরকে নিয়ে দিল্লি এবং রাজস্থানের মধ্যে লড়াই হয়। নিলামে ৮ কোটি ২৫ লাখে শিখরকে জিতে নেয় পাঞ্জাব।

নতুন দল গুজরাট টাইটানসে ভিড়েছেন ভারতীয় পেসারমহাম্মদ শামি। ৬ কোটি ২৫ লাখ রুপিতে তাকে কিনল দলটি।

এবারের আইপিএল নিলামের চূড়ান্ত তালিকায় আছেন পাঁচ বাংলাদেশি ক্রিকেটার। তারা হচ্ছেন – সাকিব আল হাসান, মোস্তাফিজুর রহমান, লিটন দাস, তাসকিন আহমেদ ও শরীফুল ইসলাম।

এবারের নিলামে মোট ৫৯০ জন ক্রিকেটার অংশ নিচ্ছেন। এরমধ্যে ৩৭০ জন ভারতীয় ক্রিকেটার ও ২২০ জন বিদেশি ক্রিকেটার রয়েছেন।
আজ হবে ১৬১ জন ক্রিকেটারের ভাগ্য নির্ধারণ।

জাতীয় দলে ক্রিকেট খেলতে চাই: সাগর-রুনির ছেলে

সাংবাদিক সাগর সারোয়ার ও মেহেরুন রুনি যখন নির্মম হত্যাকাণ্ডের

শিকার হলে তাদের ছেলে মাহির সারোয়ার মেঘ মাত্র সাড়ে ৫ বছর বয়সে এতিম হয়ে যায়। মেঘ আর সেই ছোট্টটি নেই। তার বয়স এখন সাড়ে ১৫ বছর। উচ্চতায় ৫ ফুট ৭ ইঞ্চি।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) ইয়ুথ টাইগার অনূর্ধ্ব-১৬ জোনাল ক্রিকেট টুর্নামেন্টে খেলছে সে। মেঘের স্বপ্ন- একদিন জাতীয় দলের হয়ে দেশের প্রতিনিধিত্ব করবে। অলরাউন্ডার হতে লড়াই চালিয়ে যাচ্ছে মেঘ। তার প্রিয় ক্রিকেটার বিশ্বসেরা অন্যতম অলরাউন্ডার সাকিব আল হাসান।

তবে সাকিবের মতো স্পিনার নয় সে। পেস বোলিং অলরাউন্ডার সে। ব্যাটিংটা ভালোই জানা তার। তবে বোলিংটা একটু বেশি পছন্দ তার। এই বিভাগে বেশি আত্মবিশ্বাসী সে। নিজের ক্রিকেট ক্যারিয়ার নিয়ে মেঘ জানিয়েছে, ‘আমাকে নিয়ে বাবা-মায়ের স্বপ্নের কথা আমি জানি না। তখন তো আমি ক্রিকেট খেলা শুরু করিনি। এখন আমি লেখাপড়ার পাশাপাশি ক্রিকেটও খেলছি। আমার স্বপ্ন একদিন জাতীয় দলে খেলব। আমি যদি টানা এক বছর অনুশীলন করতে পারি তাহলে অনূর্ধ্ব-১৯ জাতীয় দলে তো খেলতে পারবই তারপর জাতীয় দলেও খেলতে পারব ইনশাআল্লাহ। জাতীয় দলে খেলার সুযোগ পেলে বাবা-মা ওপার থেকেও অনেক খুশি হবেন। আমি তাদের খুশির জন্য জাতীয় দলে ক্রিকেট খেলতে চাই।’

২০১২ সালের ১১ ফেব্রুয়ারি নির্মমভাবে হত্যা করা হয় সাগর সারোয়ার ও মেহেরুন রুনিকে। দীর্ঘ ১০ বছরেও বিচার হয়নি এই হত্যাকাণ্ডের। ৪৮ ঘণ্টার সেই বেধে দেওয়া সময় এখনও শেষ হয়নি। এই হত্যাকাণ্ডের বিচারের দাবিতে বিভিন্ন কর্মসূচি পালন করে আসছেন সাংবাদিকরা।

আইপিএলের জন্য টেস্ট খেলবেন না সাকিব

দক্ষিণ আফ্রিকার সঙ্গে আগামী ৩১ মার্চ দুই ম্যাচ সিরিজের প্রথম টেস্ট শুরু হচ্ছে। এদিকে ২৭ মার্চ থেকে শুরু হচ্ছে ইন্ডিয়ান

প্রিমিয়ার লিগের ১৫তম আসর। নিলামে দল পেলে দক্ষিণ আফ্রিকা সময়ের দুই টেস্ট খেলবেন না সাকিব আল হাসান।

ক্রিকেট বিষয়ক সংবাদমাধ্যম ক্রিকবাজের এক প্রতিবেদনে বলা হয়, টেস্ট না খেললেও সফরের ৩টি ওয়ানডে খেলবেন সাকিব। মূলত আইপিএলের জন্যই টেস্ট সিরিজ থেকে সরে দাঁড়াচ্ছেন তিনি।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের ক্রিকেট অপারেশন্স বিভাগের চেয়ারম্যান জালাল ইউনুস বলেন, দক্ষিণ আফ্রিকা সফরে নিশ্চিতভাবেই ওয়ানডে খেলবে সাকিব। তবে টেস্ট খেলার ব্যাপারে এখনো বোর্ডকে কোনোকিছুই জানাননি তিনি। তবে এরপর শ্রীলঙ্কার সফরে দুই টেস্টের যে সম্ভাব্য সূচি আছে আগামী ৩ মে থেকে ২৫ মে। এই সময় জাতীয় দলের সঙ্গে থাকবেন টাইগার অলরাউন্ডার।

এদিকে, গত ২২ ডিসেম্বর সাকিব জানিয়েছিলেন, একই সঙ্গে তিন ফরম্যাটে খেলা অসম্ভব। যুক্তরাষ্ট্রের উদ্দেশে দেশ ছাড়ার আগে বেসরকারি এক টিভি চ্যানেলকে দেওয়া সাক্ষাৎকারে এ কথা বলেন তিনি। তার স্ত্রী-সন্তানরা রয়েছেন যুক্তরাষ্ট্রে। সাকিব বলেন, ‘একসঙ্গে তিন ফরম্যাটে খেলা চালিয়ে যাওয়া অসম্ভব। আপনি যখন ৪০-৪২ দিনের মধ্যে দুইটা টেস্ট খেলেন এটা কোনোভাবেই ফলপ্রসূ হওয়ার মতো বিষয় না।’

তিনি আরও বলেছেন, আমার কাছে কোনটা গুরুত্বপূর্ণ আমি জানি, কোনটার অগ্রাধিকার দিতে হবে সেটাও জানি। এখন আসলেই এমন সময় এসেছে যে আমি টেস্ট নিয়ে চিন্তা করছি। এটাই হচ্ছে বিষয়। আমি আদৌ আর টেস্ট খেলব কি না, খেললেও কীভাবে খেলব।’

নিউজিল্যান্ড সফর বাতিল করল অস্ট্রেলিয়া

নিউজিল্যান্ড সফর বাতিল করেছে অস্ট্রেলিয়া। আগামী মাসে তিনটি টি-টোয়েন্টি খেলতে নিউজিল্যান্ড সফরে যাওয়ার কথা ছিল অজিদের।

বুধবার বিষয়টি নিশ্চিত করেছে নিউজিল্যান্ড ক্রিকেট বোর্ড।

ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ানের এক প্রতিবেদনে বলা হয়েছে, মার্চে চার দিনের সফরে নিউজিল্যান্ড যাওয়ার কথা ছিল অস্ট্রেলিয়ার। সফরকারীদের জন্য আবশ্যিক কোয়ারেন্টিনের নিয়মটা কিছুটা শিথিল করা হবে, এই আশাতেই মূলত অস্ট্রেলিয়ার এই সংক্ষিপ্ত টি-টোয়েন্টি সফরের সূচি নির্ধারিত হয়েছিল।

সেটা আর হয়নি, কোয়ারেন্টাইনের নিয়মটা রয়েছে বহাল তবিয়তে। যে কারণে জানুয়ারির শেষ থেকে ফেব্রুয়ারি পর্যন্ত নিউজিল্যান্ডের অস্ট্রেলিয়া সফরও বাতিল হয়ে গিয়েছিল।

প্রতিবেদনে আরও বলা হয়, দুই বোর্ডের যৌথ সম্মতিতে এখন নিউজিল্যান্ডের মাটিতে বিশ্বচ্যাম্পিয়ন অস্ট্রেলিয়ার টি-টোয়েন্টি সিরিজটিও বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এই সফরটি মূলত পাকিস্তান সফরের সময়েই হওয়ার কথা। তখন পাকিস্তানের মাটিতে টেস্ট সিরিজ খেলবে অস্ট্রেলিয়া।

নিউজিল্যান্ড ক্রিকেটের প্রধান নির্বাহী ডেভিড হোয়াইট জানিয়েছেন, সীমান্তে বিধিনিষেধ আরোপ করার পর অস্ট্রেলিয়ার এই সফর বাতিল হওয়াটা প্রায় নিশ্চিতই ছিল।

তিনি বলেন, যখন আমরা এই সফর নির্ধারণ করেছিলাম, তখন একটা আশা ছিল যে, যারা নিয়ম মানবে, তাদের জন্য তাসমানিয়ার এপার ওপারের সীমান্ত খুলে দেওয়া হবে। তবে ওমিক্রনের কারণে সীমান্তের সব নিয়ম কানুন বদলে গেছে। যার ফলে সিরিজটা চালিয়ে যাওয়া আমাদের জন্য অসম্ভব করে তুলেছে। এটা হতাশার। তবে আমরা জানি এ বিষয়টা সবার ক্ষেত্রেই সমান। আর আমাদের বাকি যে সিরিজ আছে, তার জন্য আমরা কৃতজ্ঞ।

আইসিসির মাস সেরার তালিকায়

এবাদত

আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) মাসসেরার সংক্ষিপ্ত তালিকায় রয়েছেন বাংলাদেশ দলের তারকা পেসার এবাদত হোসেন।

সবশেষ নিউজিল্যান্ড সফরে দুর্দান্ত পারফরম্যান্স করার সুবাদে আইসিসির জানুয়ারি মাসের সংক্ষিপ্ত তালিকায় জায়গা পেয়েছেন এবাদত হোসেন।

তবে মাসসেরা হতে হলে এবাদতকে পেছনে ফেলতে হবে সদ্য সমাপ্ত অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ মাতানো দক্ষিণ আফ্রিকার দুই তরুণ ক্রিকেটার ডুয়াল্ড ব্রেভিস ও কেগান পিটারসনকে।

বাংলাদেশের চতুর্থ ক্রিকেটার হিসেবে আইসিসির মাসসেরার সংক্ষিপ্ত তালিকায় জায়গা করে নিলেন এবাদত। এর আগে সাকিব আল হাসান, মুশফিকুর রহিম এবং নাসুম আহমেদ ছিলেন এ তালিকায়।

জানুয়ারি মাসে নিউজিল্যান্ড সফরে দুটি টেস্টের সিরিজে ৯ উইকেট শিকার করেছেন এবাদত হোসেন। তবে প্রথম টেস্টে তিনি ৪৬ রানের বিনিময়ে তুলে নিয়েছিলেন ৬ উইকেট, যার ফলে বাংলাদেশ প্রথমবারের মতো নিউজিল্যান্ডের মাঠে জয়ের স্বাদ পায়। দুর্দান্ত পারফরম্যান্স করে ম্যাচ সেরার পুরস্কারও পেয়েছিলেন। এবার আইসিসির আরেকটি স্বীকৃতি পাওয়ার দ্বারপ্রান্তে এবাদত।

এই ট্রফি আমার জীবনের সেরা উপহার: সাদিও মানে

ক্যামেরুনের ওলেম্বে স্টেডিয়ামে সেনেগাল ও মিশরের মধ্যকার ফাইনাল খেলাটি নির্ধারিত সময়ের পর অতিরিক্ত ৩০ মিনিটও গোলশূন্য থাকলে গড়ায় টাইব্রেকারে। সেখানে ৪-২ গোলে জিতে প্রথমবারের মতো প্রতিযোগিতাটির শ্রেষ্ঠত্ব অর্জন করে সাদিও মানের দল।

স্পোর্টস এসকাপের এক প্রতিবেদনে বলা হয়, ফাইনালের মতো

স্নায়ুচাপের মঞ্চে শুরুতেই পেনাল্টি মিস করায় একজন খেলোয়াড়ের ভেঙে পড়ার উদাহরণ আছে ঢের। সাদিও মানের জন্যও সেটা কম ধাক্কা ছিল না। তবে যেভাবে তিনি ঘুরে দাঁড়িয়েছিলেন। সতীর্থদের এ জন্য ধন্যবাদ দিয়েছেন সাদিও মানে।

নিজের অনুভূতি জানাতে গিয়ে সাদিও মানে বলেন, ক্লাব পর্যায়ে জেতা সব অর্জনের চেয়ে প্রাপ্তির তালিকায় এটিই তার কাছে সবচেয়ে এগিয়ে থাকবে। দেশকে শ্রেষ্ঠত্বের আসনে বসাতে পেরে উচ্ছ্বসিত তিনি।

তিনি বলেন, এটা আমার জীবনের সেরা দিন এবং আমার ক্যারিয়ারের সেরা ট্রফি।

তিনি আরও বলেন, চ্যাম্পিয়ন্স লিগ ও আরও কয়েকটি ট্রফি জিতেছি। কিন্তু আফ্রিকান নেশন্স কাপ আমার কাছে বিশেষ কিছু। এটি আমার জন্য আরও গুরুত্বপূর্ণ। নিজের জন্য, আমার দেশের মানুষের জন্য এবং আমার পরিবারের সবার জন্য আমি খুশি।

ম্যাচের শুরুটা যদিও সুখকর ছিল না মানের ও সেনেগালের। সপ্তম মিনিটে পেনাল্টি থেকে দলকে এগিয়ে দেওয়ার সুযোগ পেয়েছিলেন তিনি। কিন্তু মিশর গোলরক্ষক আবু গাবাল ঠেকিয়ে দেন তার বুলেট গতির স্পট কিক।

ম্যাচ টাইব্রেকারে গড়ালে মানের সামনে সুযোগ আসে প্রথম ভুল শোধরানোর। এবার আর তাকে আটকাতে পারেননি আবু গাবাল। মানের নেওয়া শেষ শটেই নিশ্চিত হয় ২০০২ ও ২০১৯ আসরের রানার্সআপ সেনেগালের শিরোপা জয়।

মানে বলেন, আমার সতীর্থরা তখন আমার কাছে এসে বলেছিল, ‘সাদিও আমরা একসঙ্গে জিতি এবং একসঙ্গে হারি। আমরা তোমাকে জানি। তুমি আমাদের জন্য অনেক করেছো-এগিয়ে যাও।

“তাদের কথাগুলো আমাকে শক্তি জুগিয়েছিল। আমার মনে হয়, টাইব্রেকারে আমার শটের সময় ওটাই পার্থক্য গড়ে দিয়েছিল…এই ট্রফি পুরো সেনেগাল দলের, সবাই এটার যোগ্য।”

তিনটি গোল করে ও সতীর্থদের দিয়ে দুটি করিয়ে সেনেগালকে ফাইনালে তোলায় সবচেয়ে বড় ভূমিকা মানের। টুর্নামেন্ট সেরা খেলোয়াড়ের পুরস্কারও পেয়েছেন তিনি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]